بِسۡمِ اللّٰهِ الرَّحۡمٰنِ الرَّحِیۡمِ

AHMADIYYA MUSLIM COMMUNITY
*Press & Media Office*

**প্রেস বিজ্ঞপ্তি**
**১০ অগাস্ট ২০২০**

# আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধানের বিশেষ সালানা জলসা ২০২০ ভাষণ প্রদান




**হুযূর আকদাস ঘোষণা করলেন বিগত বছরে ১,১২,০০০-এর অধিক ব্যক্তি এ জামা'তে যোগদান করেছেন**

চলমান কোভিড-১৯ মহামারীর কারণে বিশ্বজুড়ে আহমদী মুসলমানগণ এ বছর তাদের বার্ষিক সম্মেলন (সালানা জলসা)-সমূহ আয়োজন করতে সক্ষম হয় নি। কিন্তু গত ৭ ও ৯ অগাস্ট ২০২০, যুক্তরাজ্যে অনুষ্ঠিতব্য আন্তর্জাতিক সালানা জলসার জন্য নির্ধারিত দিনগুলোতে, আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্ব-প্রধান পঞ্চম খলীফা হযরত মির্যা মসরূর আহমদ (আই.) ঈমান-উদ্দীপক দুই-পর্বের এক ভাষণ প্রদান করেন। এতে হুযূর আকদাস বিগত বছরে আহমদীয়া মুসলিম জামা'তের উপর বর্ষিত আল্লাহ্ তা'লার অনুগ্রহরাজি এবং এর ক্রমাগত অগ্রগতির উপর আলোকপাত করেন।



হুযূর আকদাস ৭ জুলাই ২০২০ শুক্রবার-এ টিলফোর্ডের ইসলামাবাদে অবস্থিত মুবারক মসজিদে তাঁর সাপ্তাহিক জুমুআর খুতবার সময় রিপোর্টের প্রথম পর্ব পেশ করেন।

এর দ্বিতীয় পর্ব ৯ অগাস্ট ইসলামাবাদ কমপ্লেক্সের মসরূর হল থেকে এক বিশেষ সালানা জলসার ভাষণ হিসেবে প্রদান করা হয়। উভয় ভাষণই সামাজিক দূরত্বের দাবি পূরণ করে স্বল্প সংখ্যক আহমদী মুসলমানের এক সমাবেশের উপস্থিতিতে প্রদান করা হয়।




উপরন্তু, সালানা জলসা যুক্তরাজ্য ২০২০-এর জন্য নির্ধারিত তিন দিন এমটিএ ইন্টারন্যাশনাল হুযূর আকদাস কর্তৃক পূর্ববর্তী বছরগুলোতে বিভিন্ন সালানা জলসায় প্রদত্ত কতকগুলো ভাষণ সম্প্রচার করে। এর পাশাপাশি কিছু বিশেষ লাইভ প্রোগ্রামও সম্প্রচারিত হয়।

আহমদীয়া মুসলিম জামা'তের বার্ষিক রিপোর্ট উপস্থাপন করতে গিয়ে হুযূর আকদাস ঘোষণা করেন যে, কোভিড-১৯ এর কারণে ইসলামের বাণী প্রচার এর পথে বড় রকমের অপ্রত্যাশিত চ্যালেঞ্জসমূহ সামনে আসা সত্ত্বেও বিগত বছরে ১,১২,১৭৯ ব্যক্তি আহমদীয়া মুসলিম জামা'তে যোগদান করেছেন। হুযূর আকদাস এমন ব্যক্তিদের ঈমানবর্দ্ধক ঘটনাসমূহ বর্ণনা করেন যারা আল্লাহ্ তা'লার পক্ষ থেকে প্রকাশিত নিদর্শনসমূহ দেখে মসীহ্ মওউদ (আ.)-এর সত্যতার সাক্ষ্য প্রদান করেন।





আর্জেন্টিনায় এক ভদ্রমহিলার আহমদীয়া মুসলিম জামা'তে যোগদানের ঘটনা বর্ণনা করতে গিয়ে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

**"এক আর্জেন্টিনীয় ভদ্রমহিলা আর্জেন্টিনায় আমাদের মিশন হাউজের পাশ দিয়ে যাচ্ছিলেন। মসীহ্ মওউদ (আ.)-এর একটি ছবি তার চোখে পড়ে যার পাশে লেখা ছিল 'মসীহ্ এসে গেছেন'। এ ছবি এবং বাণী তার ওপর গভীর প্রভাব ফেলে, কেননা তিনি একজন ধর্মপরায়ণা ক্যাথলিক খ্রিস্টান ছিলেন। ইতিপূর্বে ইসলাম সম্পর্কে তার কোন আগ্রহ ছিল না এবং কোন মুসলমানের সঙ্গে তার কোনো ব্যক্তিগত পরিচয় ছিল না।"**

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) আরো বলেন:

**"তিনি ইসলাম সম্পর্কে জানতে শুরু করেন এবং আহমদীয়া মুসলিম জামা'তের স্থানীয় মুবাল্লিগ-এর সাথে যোগাযোগ করেন। পর্যায়ক্রমে, তিনি আমাদের জামা'তের আয়োজিত বিভিন্ন ক্লাস ও সভাসমূহে যোগ দিতে শুরু করেন। তার স্বামী বিষয়টি সম্পর্কে অবগত হলে তিনি এটি অপছন্দ করেন। তথাপি, তিনি গোপনে যোগাযোগ রাখেন এবং ইসলাম সম্পর্কে তার অনুসন্ধান চালিয়ে যান। এরপর, এক বছর পরে, ২৮ ডিসেম্বর ২০১৯ তার হৃদয় প্রশান্ত হয় এবং তিনি আহমদীয়া মুসলিম জামা'তে যোগদানের সিদ্ধান্ত গ্রহণ করেন।"**




তাঁর ভাষণে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) আহমদীয়া মুসলিম জামা'তের বৈদেশিক মিশনসমূহের কাজ, এবং এর পাশাপাশি alislam.org এর ন্যায় জামা'তের অফিশিয়াল ওয়েবসাইটসমূহের এবং আল-ফযল, আল-হাকাম, আত-তাকওয়া, দি রিভিউ অফ রিলিজিয়নস প্রভৃতি সাময়িকীর অর্জনসমূহের কথা উল্লেখ করেন।

দি রিভিউ অফ রিলিজিয়নস পত্রিকা সম্পর্কে কথা বলতে গিয়ে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

**"মসীহ্ মওউদ (আ.) স্বয়ং দি রিভিউ অফ রিলিজিয়নস প্রতিষ্ঠা করেছিলেন এবং এর প্রথম সংস্করণ ১৯০২ সালের জানুয়ারি মাসে প্রকাশিত হয়। আল্লাহ্‌র ফযলে এ পত্রিকাটি ১১৮ বছর ধরে প্রকাশিত হচ্ছে। বর্তমানে এটি ইংরেজি, ফরাসি, স্প্যানিশ ও জার্মান ভাষায় প্রকাশিত হচ্ছে এবং এর পাশাপাশি প্রতিটি ভাষার জন্য একটি করে ওয়েবসাইট এবং বিভিন্ন সোশ্যাল মিডিয়া চ্যানেল রয়েছে। ইংরেজিভাষী সমাজের নিকট মসীহ্ মওউদ (আ.)-এর বাণী পৌঁছে দেয়ার ক্ষেত্রে দি রিভিউ অফ রিলিজিয়নস এক অতি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।"**




হুযূর আকদাস হিউম্যানিটি ফার্স্ট এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ আহমদী আর্কিটেক্টস অ্যান্ড ইঞ্জিনিয়ার্স (IAAAE) কর্তৃক বিশ্ব জুড়ে পরিচালিত মানব সেবামূলক কর্মকাণ্ডের বর্ণনা প্রদান করেন। তিনি বলেন যে, এ পর্যন্ত IAAAE ২,৮০০ স্থানে পানীয় জলের ব্যবস্থা করেছে যা ২,৫০,০০০ মানুষের জন্য কল্যাণ বয়ে আনছে। IAAAE এ পর্যন্ত নয়টি দেশে ১৯টি মডেল পল্লী প্রতিষ্ঠা করেছে এবং আরো বহুবিধ ও মানবসেবামূলক প্রকল্প নিয়ে কাজ করছে।



হিউম্যানিটি ফার্স্ট সম্পর্কে হুযূর আকদাস বলেন যে বর্তমানে বিশ্বের ৫৪টি দেশে এ সেবামূলক সংগঠনটির নিবন্ধন সম্পন্ন হয়েছে। এর মানব সেবামূলক কাজের মধ্যে রয়েছে বিনা মূল্যে ১৫,৩১৫টি চক্ষু অপারেশন। এছাড়াও ৩৪৫টি মেডিক্যাল ক্যাম্প পরিচালিত হয়েছে যা থেকে সমাজের দুর্বল এবং সুবিধা-বঞ্চিত শ্রেণীর ২,৩০,০০০ মানুষ উপকৃত হয়েছেন।

হুযূর আকদাস আহমদীয়া মুসলিম জামা'তের বিশ্বজনীন টেলিভিশন স্টেশন মুসলিম টেলিভিশন আহমদীয়া (এমটিএ) এবং এর ক্রমাগত উন্নয়ন ও সম্প্রসারণ সম্পর্কে উল্লেখ করেন।

তিনি বলেন যে বিগত বছরে এমটিএ-র চ্যানেল সংখ্যা পাঁচ থেকে আট-এ উন্নীত হয়েছে এবং বর্তমানে নিয়মিত দশটি ভাষায় অনুবাদ সম্প্রচারিত হচ্ছে। এছাড়াও অনলাইন এবং সোশ্যাল মিডিয়ার মাধ্যমে ইসলামের প্রকৃত ও শান্তিপূর্ণ শিক্ষা প্রচারে প্রয়াসে এমটিএ এগিয়ে চলেছে।

ভাষণের শেষ প্রান্তে হুযূর আকদাস আহমদীয়া মুসলিম জামা'তের প্রতিষ্ঠাতার উপর মিথ্যা অপবাদসমূহ সত্ত্বেও আল্লাহ্ তা'লার ক্রমাগত সাহায্য এবং এ জামা'তের অবিরাম উন্নতির বিষয়ে মন্তব্য করেন।




হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

**"আজ, ১৩০ বছর পরেও, আমরা দেখি যে মসীহ্ মওউদ (আ.)-এর জামা'তের জন্য খোদা তা'লার সাহায্যের নিদর্শনসমূহ প্রকাশিত হয়ে চলেছে।"**

হযরত মির্যা মসরূর আহমদ (আই.) এ প্রসঙ্গে হযরত মসীহ্ মওউদ (আ.)-এর উদ্ধৃতি পেশ করেন। তিনি বলেন:

**"নিশ্চিত জেনে রাখো যে, এ জামা'ত খোদা তা'লার স্বহস্তে রোপিত এক চারা। তিনি কখনো একে বিনষ্ট হতে দিবেন না, আর এটি সফলতার চরমে উপনীত না হওয়া পর্যন্ত তিনি সন্তুষ্ট হবেন না।"**

হযরত মসীহ্ মওউদ (আ.)-এর উদ্ধৃতির মাধ্যমে বক্তৃতা শেষ করতে গিয়ে হযরত মির্যা মসরূর আহমদ (আই.) বলেন:

**"যারা খোদা তা'লার পক্ষ থেকে এসে থাকেন তিনি স্বয়ং তাঁদের মর্যাদা প্রকাশ করেন এবং তাঁদের সত্যতাকে আলোকোজ্জ্বল করে দেখান। আর যারা তাঁর পক্ষ থেকে আসে না এবং তাঁর বিরুদ্ধে মিথ্যা আরোপ করে থাকে তারা পরিণামে অপদস্থ হয়ে ধ্বংস হয়ে যায়।"**




হুযূর আকদাস দোয়ার মাধ্যমে সালানা জলসা ২০২০-এর বিশেষ ভাষণ সমাপ্ত করেন।




সমাপ্ত

যোগাযোগ: media@pressahmadiyya.com

**আহমদীয়া মুসলিম জামা'তের ২০১৯-২০২০ সালের বার্ষিক রিপোর্ট হতে নির্বাচিত তথ্য ও উপাত্ত**

- ৯৮টি দেশ থেকে ১,১২,১৭৯ জন আহমদীয়া মুসলিম জামা'তে যোগদান করেছেন।
- ৯৩ লক্ষ লিফলেটের মাধ্যমে ৭০ লক্ষ মানুষের নিকট ইসলামের বাণী পৌঁছানো হয়েছে।
- চারটি মহাদেশে আহমদীয়া মুসলিম জামা'তের ২১৭টি নতুন মসজিদ ও ৯৭টি মিশন হাউস প্রতিষ্ঠিত হয়েছে।
- যুক্তরাজ্যে অবস্থিত আহমদীয়া মুসলিম জামা'তের ছাপাখানা (রকীম প্রেস) থেকে ৩,৬০,০০০-এর অধিক পুস্তক মুদ্রিত হয়েছে।
- ১১৪টি দেশে ওয়াকারে আমল (স্বেচ্ছাশ্রম)-এর ৪১ হাজার উদ্যোগের মাধ্যমে ৫২ লক্ষ ডলার সাশ্রয় হয়েছে।
- আহমদীয়া মুসলিম জামা'তের ২৮৮টি নতুন শাখা প্রতিষ্ঠিত হয়েছে।
- ৯৩টি দেশে ৪২টি ভাষায় ৪ কোটি ২০ লক্ষ প্রকাশনা মুদ্রিত হয়েছে।
- ২,৫৪৪টি সংবাদ প্রতিবেদন ও মিডিয়া আউটলেটে প্রকাশিত ১২,৪৫৩টি প্রবন্ধের মাধ্যমে ৫২ কোটি মানুষের নিকট পৌঁছানো সম্ভব হয়েছে।
- আহমদীয়া মুসলিম জামা'তের ওয়েবসাইট alislam.org এ বর্তমানে ৩১০টি ইংরেজী বই ও ১০০০ উর্দু বই পাওয়া যাচ্ছে।
- ১৪৫ নতুন আরবী প্রকাশনা আত্মপ্রকাশ করেছে
- হিউম্যানিটি ফার্স্ট পরিচালিত ৩৪৫টি দাতব্য মেডিক্যাল ক্যাম্পে ২,৩০,০০০ মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে।
- ৫৪টি দেশে হিউম্যানিটি ফার্স্ট-এর শাখা প্রতিষ্ঠিত হয়েছে।
- এমটিএ ইন্টারন্যাশনাল এ ৪১৭ জন স্বেচ্ছাসেবকসহ ৪৯৬ জন কর্মী কর্মরত আছেন।
- এমটিএ বর্তমানে বিশ্ব জুড়ে ৮টি চ্যানেলের মাধ্যমে সম্প্রচার কাজ পরিচালনা করছে।

- বিশ্বের বিভিন্ন প্রান্তে অনুষ্ঠিত ৭,৫৪০টি প্রদর্শনীর মাধ্যমে ৩,৪৩,০০০ ব্যক্তির নিকট ইসলামের প্রকৃত বাণী পৌঁছানো হয়েছে।
- বিশ্বজুড়ে ৫,০০০ এর অধিক বুক স্টলের মাধ্যমে ৭,৭৪,০০০ ব্যক্তির নিকট ইসলামের প্রকৃত বাণী পৌঁছানো হয়েছে।